

নির্বাহী প্রকৌশলীর কার্যালয় গণপূর্ত ইউ/এম এম আই এস সিকিউ-২, ঢাকা।			
ডায়েরী নং- ২৫৪১	ডায়েরী নং- ২২১১১/১৬	প্রকল্প নং- ১	
উঃ পঃ	সঃ পঃ	ই. বি. নং:	নি. নং:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
হিসাব শাখা-১
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০৯১.২১.৯৪২

তারিখ: ২৩ কার্তিক ১৪৩০

০৮ নভেম্বর ২০২৩

বিষয়: কুমিল্লা ১০০ শয্যা বিশিষ্ট বিশেষায়িত হাসপাতাল স্থাপন শীর্ষক প্রকল্পের কাজের জন্য চেকের মাধ্যমে অর্থ বরাদ্দ।

সূত্র: প্রকল্প পরিচালক, কুমিল্লা ১০০ শয্যা বিশিষ্ট বিশেষায়িত হাসপাতাল স্থাপন শীর্ষক উন্নয়ন প্রকল্প, কুমিল্লা এর স্মারক নং-৪১.০১.১৯০০.০০০.১৪.০০১.২৩-১০৭৮ তারিখ-১৭-১০-২০২৩ খ্রি।

উপরোক্ত বিষয়ে বর্ণিত কাজের জন্য সূত্রস্থ স্মারক পত্রের মাধ্যমে প্রকল্প পরিচালক (উপপরিচালক), "কুমিল্লা ১০০ শয্যা বিশিষ্ট বিশেষায়িত হাসপাতাল স্থাপন শীর্ষক উন্নয়ন প্রকল্প" সমাজসেবা অধিদফতর, জেলা সমাজসেবা কার্যালয়, কুমিল্লা কর্তৃক প্রধান প্রকৌশলী বরাবর চেকের মাধ্যমে ন্যস্তকৃত ৫০.০০ লক্ষ (পঞ্চাশ লক্ষ) টাকা মূল্যমানের একটি চেক যার নাম্বার-গপ/১০ নং ৮৪৬৩৫৩৮, তারিখ-১২-১০-২০২৩ খ্রি., সোনালী ব্যাংক লিঃ, কুমিল্লা কর্পোরেট শাখা, কুমিল্লা হতে উত্তোলন করার জন্য প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক পৃষ্ঠাংকনপূর্বক প্রেরণ করা হলো।

উক্ত চেকের অর্থ সকল প্রকার আর্থিক বিধি বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পালন পূর্বক খরচ করতে হবে। চেক প্রাপ্তির স্বীকৃতি পত্র প্রাপ্তির ৭ দিনের মধ্যে এ দপ্তরে দাখিল করতে হবে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্ত সমূহ অনুসরণ করতে হবে।

শর্তসমূহঃ

- (১) প্রত্যাশী সংস্থার সহিত যোগাযোগ করে অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী কাজ সম্পাদন করতে হবে।
- (২) কাজ সম্পাদন করা হয়েছে মর্মে প্রত্যাশী সংস্থার নিকট হতে প্রত্যয়ন প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধ করতে হবে।
- (৩) বরাদ্দকৃত অর্থের খরচের হিসাব এ দপ্তরে/প্রত্যাশী সংস্থার নিকট প্রেরণ করতে হবে।
- (৪) বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোন অনিয়ম উদ্ঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।
- (৫) প্রকল্প পরিচালকের পত্রে বর্ণিত শর্তসমূহ যথাযথভাবে পালন করতে হবে।

সংযুক্তি- চেক নং-গপ/১০ নং ৮৪৬৩৫৩৮, তারিখ-১২-১০-২০২৩ খ্রি.

টাকা- ৫০.০০ লক্ষ (পঞ্চাশ লক্ষ)

৮-১১-২০২৩

মোঃ সাখাওয়াৎ হোসেন

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)

ফোন: ০২২২৩৩৮৮৯১৪

নির্বাহী প্রকৌশলী
কুমিল্লা গণপূর্ত বিভাগ কুমিল্লা।

ইমেইল: se_coord@pwd.gov.bd